সংবাদ

21 JAN 2017

৪ ২

# সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে পারিনি : শিক্ষামন্ত্রী

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, জাতিসংঘ ঘোষিত এমডিজি লক্ষ্য অনুযায়ী শিশুদের স্কুলে নিয়ে আসা এবং মেয়েদের সমতা অর্জন করা আমাদের বিরাট অর্জন। কিন্তু জাতিসংঘের লক্ষ্যের সঙ্গে আরেকটি বিষয় ছিল মানসম্মত শিক্ষা দিতে হবে। আমরা সবার জন্য সেই মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে পারিনি। তার জন্য অবশ্যই সময় প্রয়োজন বলে মন্তব্য করেন তিনি। গতকাল সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল প্রাঙ্গণে বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড ২০১৭-এর উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াডের সভাপতি অধ্যাপক ড. খোরশেদ আহমেদ কবিরের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, কালের কণ্ঠের সম্পাদক ইমদাদুল হক মিলন, অধ্যাপক ড. জাফর ইকবাল, ঢাবির পদার্থবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আবদুস ছাত্তার প্রমুখ। শিক্ষামন্ত্রী বলেন, আমরা আমাদের দেশে সব শিশুকে স্কুলে নিয়ে আসছি, আগে অর্ধেক শিশু স্কুলে আসত না। জাতিসংঘ ঘোষিত এমডিজি লক্ষ্য অনুযায়ী আমাদের আরও দুটি চ্যালেঞ্জ ছিল। প্রথমটি হচ্ছে ২০১৫ সালের মধ্যে সব শিশুকে স্কুলে নিয়ে আসতে হবে। আরেকটি হচ্ছে প্রাথমিক পর্যায়ে মেয়েছেলের মধ্যে সমতা অর্জন।

বর্তমানে সমতা অর্জন সম্ভব হয়েছে উল্লেখ করে নুরুল ইসলাম নাহিদ বলেন, 'আমরা প্রায় সবাইকে স্কুলে নাম লেখাতে পেরেছি। কিন্তু সবাই স্কুলে আসে না। সেটা এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছি। ২০১২ থেকে ২০১৫ সালের মধ্যে আমরা সমতা অর্জন করতে সক্ষম হয়েছি। প্রাথমিক স্তরে শতকরা ৫১ জন মেয়ে ৪৯ জন ছেলে। মাধ্যমিক স্তরে ৫৩ জন মেয়ে আর ৪৭ জন ছেলে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে শতকরা ৪৫ জন মেয়ে উচ্চশিক্ষায় পড়াশোনা করছে বলেও উল্লেখ করেন তিনি।

অধ্যাপক আরেফিন সিদ্দিক বলেন, আমরা এখন তরুণ প্রজন্মের মাঝে সৃজনশীল চিন্তা ভাবনা লক্ষ্য করছি। তবে সবচেয়ে বড় কথা হল পদার্থবিজ্ঞানের ছাত্রদের সবচেয়ে ভালো মানুষ হতে হবে। তিনি বলেন, তোমরা লক্ষ্য নিয়ে এগিয়ে যাও তাহলে তোমরা ভালো মানুষ হবে।

উদ্বোধন অনুষ্ঠানের পর শুরু হয় বিজ্ঞান মেলা। এতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৭টি দল অংশ নেয়। আজ সকাল ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অলিম্পিয়াডের সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হবে।